

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নয়া রোডম্যাপ দেড় বছরের সেশনজট কমাতে লাগবে সাড়ে ৩ বছর

যুগান্তর রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ে লেগে আছে দেড় বছরের সেশন জট। কিন্তু এই জট ছাড়াতে সময় লাগবে সাড়ে ৩ বছর। এই সময়কালে বিশ্ববিদ্যালয়টিতে এক ধরনের 'জরুরি অবস্থা' চলবে। সরকারি ছুটি ছাড়া সাপ্তাহিক ছুটিসহ ব্যক্তি সব দিনগুলোতে ক্লাস-পরীক্ষা নেয়া হবে। একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত দিনে ক্লাস ও পরীক্ষা শেষে ফলাফল ঘোষণা করা হবে। সেশনজট নিরসনে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই রোডম্যাপ তৈরি করেছে। এই ম্যাপে রয়েছে আরও বেশকিছু কর্তৃপক্ষি।

বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে 'ক্লাস প্রোগ্রাম' আকারে এই কর্তৃপক্ষি প্রকাশ করা হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়টির রাজধানীর আবাসিক কার্যপাশে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে আগামী সাড়ে ৩ বছরের রোডম্যাপ তুলে ধরেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। অন্যদের মধ্যে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি অধ্যাপক আসলাম উইয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান-উর-রশীদ, সিডিকেট সদস্য অধ্যাপক ওয়াহিদুজ্জামান উপস্থিত ছিলেন। অপর প্রোভিসি অধ্যাপক মুনাজ আহমেদ ক্লাস প্রোগ্রামের একটি অংশ প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করেন। রোডম্যাপ অনুযায়ী সাতকে ২১০ দিন ক্লাস, ফরম পূরণে ১৫ দিন, পরীক্ষা ৫৫ দিন, ফল ৯০ দিনে প্রকাশ করা হবে। এর আগে ২৪০ দিন ক্লাস, ৩০ দিনে ফরমপূরণ, ৫৫ দিনে পরীক্ষা গ্রহণ ও ১২০ দিনে ফল প্রকাশ করা হতো। ক্লাসের সময় কমিয়ে আনার কারণে ক্ষতি পুষিয়ে নিতে এখন ৪৫ মিনিটের পরিবর্তে প্রতি ক্লাস ৬০ মিনিট নেয়া হতো। ২০১৮ সালের জুন মাস পর্যন্ত আপাতত এভাবে চলবে। এ সময়ের মধ্যে সেশনজট দূর হলে নয়া কর্মকৌশল নেয়া হবে। এতে ২০১৭ সালের মধ্যে পুরাতন সব বর্ষের শিক্ষার্থীরা সেশনজট মুক্ত হতে পারবে। আর ২০১৮ সালের মধ্যে পুরোপুরি সেশনজটমুক্ত হবে জাতীয় বিশ্ববিদ্যালয়। ঘোষণা অনুযায়ী, ২০১৩-১৪ শিক্ষাবর্ষে সাতকে এবং পাস কোর্সের শিক্ষার্থীরা যাতে যথাক্রমে ৩ ও ৪ বছরের মধ্যে পাস করে বের হতে পারে সেজন্যও একাডেমিক ক্যালেন্ডারে পরিবর্তন রয়েছে। বিশ্ববিদ্যালয় সর্গিস্টরা জানিয়েছেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশনজট নিরসনে মূলত পরীক্ষা গ্রহণ ও ফলপ্রকাশের ওপর জোর দিয়েছে। পাশাপাশি যদিও ক্লাস কার্যক্রমের দিন নির্ধারণ করে দিয়েছে, কিন্তু ক্লাসের ওপরে গেল দিলেবাস শেষ না করেই পরীক্ষা নেয়ার প্রবণতা টুটকি হতে পারে।